

ডাকসু নির্বাচন : ভোট ও প্রচারণা নিয়ে নতুন নির্দেশনা

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে

শিক্ষার্থীদের বহুদিনের বিতর্কের বিষয় পরিষ্কার করেছে নির্বাচন

কমিশন। ভোট দেওয়া, ভোটকেন্দ্র বৃদ্ধি, আনুষ্ঠানিক প্রচারণা ও

উমামা ফাতেমার বিষয়ে আলোকপাত করেন তারা। সোমবার

(২৫ আগস্ট) উক্ত বিষয়গুলো সম্পর্কে বিস্তারিত জানানো হয়।

জানা গেছে, ডাকসু ও হল সংসদ নির্বাচনে প্রথম বর্ষের অর্থাৎ

২০২৪-২৫ সেশনের শিক্ষার্থীরা ভর্তি হওয়ার পরে প্রাপ্ত ‘পে ইন

স্লিপ’ দিয়ে ভোট দিতে পারবে।

এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা

বিশ্ববিদ্যালয় কার্ড, হল কার্ড ও লাইব্রেরি কার্ড তিনটির যেকোনো

একটি কার্ড দেখিয়ে ভোট দিতে পারবেন।

এছাড়া অনেক প্যানেলের প্রার্থী ভোটকেন্দ্র বৃদ্ধি করার কথা
বললেও, ভোটকেন্দ্র বাড়ানোর পরিকল্পনা নেই বলে জানা যায়।

নির্বাচন প্রচারণা নিয়ে জানা যায়, আগামীকাল মঙ্গলবার (২৬
আগস্ট) সকাল ১১টায় আনুষ্ঠানিকভাবে প্রচারণা কার্যক্রমের
উদ্বোধন করা হবে এবং নির্বাচনি আচরণবিধি নিয়ে বৈঠক করবে
ডাকসু নির্বাচন কমিশন।

‘স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্য’ প্যানেলের সহসভাপতি (ভিপি) পদপ্রার্থী
উমামা ফাতেমার বিষয়ে জানা যায়, নিয়ম ভঙ্গ করে প্রচারণার
বিষয়ে কোনো অভিযোগ পাইনি নির্বাচন কমিশন।